

আজকের প্রজন্মের পদ্মা পুরস্কার ২০০২ প্রদান

ইতিহাস বিকৃতি, সন্ত্রাস প্রতিরোধে নতুন প্রজন্মকে এগিয়ে আসার আহ্বান

ফরিদপুর প্রতিনিধি : নতুন প্রজন্মকে তৃপ্তি ব্যক্তিত্বের মূল্যায়ন, ইতিহাস বিকৃতি, সাম্প্রদায়িক-রাজনৈতিক নির্যাতন, সন্ত্রাসের প্রতিরোধে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন বাংলাদেশ অবজারভার সম্পাদক ও বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন সভাপতি ইকবাল সোবহান চৌধুরী। তিনি একই সঙ্গে মুক্তিযুদ্ধের চেতনা সমৃদ্ধ অসাম্প্রদায়িক সুশীল সুন্দর বাংলাদেশ সৃষ্ণনে সমাজের সকল স্তরের প্রতিনিধিদের এগিয়ে আসতে অনুরোধ করেছেন। গতকাল ১৬ নভেম্বর ফরিদপুরের কবি জসীম উদ্দীন হলে 'পদ্মা পুরস্কার-২০০২' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'আজকের প্রজন্ম' শির সাহিত্য ও সংস্কৃতি চর্চা কেন্দ্র অনুষ্ঠানে য' য' ক্ষেত্রে অনন্য অবদান রাখার জন্য 'পদ্মা পুরস্কার-২০০২' প্রদান করে।

অনুষ্ঠানে সমাজসেবায় ফরিদপুর পৌরসভার চেয়ারম্যান বিশিষ্ট সমাজসেবক রাজনীতিক হাসিবুল হাসান লাবণ্য, সঙ্গীতে প্রবীণ সঙ্গীতজ্ঞ ও সঙ্গীত তরু করুণাময় অধিকারী, কথাসাহিত্যে বিশিষ্ট কবি-গল্পকার-প্রাবন্ধিক-ইতিহাস লেখক প্রফেসর আন ম আব্দুস সোবহান, চিকিৎসা ও মানবতায় বিশিষ্ট মেডিসিন ও হৃদরোগ বিশেষজ্ঞ ডাঃ মোস্তাফিজুর রহমান শামীম, সাংবাদিকতায় তরুণ সাংবাদিক ভোয়ের কাগজ-এর ফরিদপুর প্রতিনিধি অশোকেশ রায়, কবিতায় প্রবীণ কবি আব্দুল হাতিফ উইয়া, আর্ট মানবতায় তরুণ আইনজীবী-সাংবাদিক এডভোকেট মানিক মজুমদার এবং শিতসাহিত্যে প্রবীণ ছড়াকার ম ম লুৎফের প্রহমান ফজলু য' য' পুরস্কার গ্রহণ শেষে অনুকৃতি ব্যক্ত করেন।

মঙ্গল প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন গতবারের পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিত্ব ফরিদপুর মেডিকেল কলেজ শিক্ক সমিতির সভাপতি ডা. এবিএম আলী আকবর বিশ্বাস। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফরিদপুর সরকারি রাজেশ্বর বিশ্ববিদ্যালয় কলেজ-এর অধ্যক্ষ প্রফেসর এম এ জলিল ও ভোয়ের কাগজ-এর ফুগ্য বার্তা সম্পাদক সুকান্ত তরু অলক।

সংগঠনের সভাপতি নূর মোহাম্মদ ক্যাপ্টেন বাবলের সভাপতিত্বে অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন প্রবীণ সাংবাদিক জগদীশ চন্দ্র ঘোষ, ফরিদপুর জজকোর্ট-এর বিপি এডভোকেট শাহিদুল্লাহী, বিএমএ ফরিদপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ডা. আ.স.ম জাহাঙ্গীর চৌধুরী টিটু, ফরিদপুর জেলা মহিলা আওয়ামী লীগের সদস্য সচিব আইডি মাসুদ, নারী নেত্রী ও সংস্কৃতি সংগঠক আসমা আক্তার মুক্তা, ফরিদপুর জেলা ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মনির, সংগঠনের সাধারণ সম্পাদক বিজয় গোস্বামী। শেষ পূর্বে উত্তরণ সঙ্গীত-নিকেতন, সঙ্গীত, খেলাঘর নৃত্যানুষ্ঠান এবং বেতার টেলিভিশন শিল্পীবৃন্দ লোকসঙ্গীত পরিবেশন করেন।